

DIABETIC FOOT RISK STRATIFICATION AND TRIAGE

In BENGALI

গুরুত্ব অনুসারে ডায়াবেটিস ফুটের ঝুঁকিসংক্রান্ত স্তর বিন্যাস বা পদ্ধতি

সক্রিয়	<p>সংজ্ঞা</p> <p>ইস্কেমিয়া (রক্ত সরবরাহে বাঁধা) সহ বা ইস্কেমিয়া ব্যতীত সক্রিয় আলসার ও ইন্ফেকশন অ পচন (গ্যাংগ্রিন) অথবা ব্যাধ্য করা যায় না এরূপ ব্যথামুক্ত বা ব্যথাহীন গরম, লাল, ফোলা পা;</p>	<p>পদক্ষেপ</p> <p>নিচের বর্ণনা অনুযায়ী এবং অতিরিক্ত:</p> <ul style="list-style-type: none"> • দ্রুত ডাক্তারের শরণাপন্ন হতে হবে এবং মাল্টিডিসিপ্লিনারি ডায়াবেটিস ফুট টিমের কোন সদস্য কর্তৃক রোগীর চিকিৎসার ব্যবস্থা করতে হবে বা প্রয়োজন অনুযায়ী সরাসরি ভাস্কুলার টিমে রেফার করতে হবে।
রিমিশন বা উপশম হচ্ছে	<p>সংজ্ঞা</p> <p>পূর্বের আলসার, অগ্ৰহানি বা একীভূত চারকট রোগ;</p>	<p>পদক্ষেপ</p> <p>নিচের বর্ণনা অনুযায়ী এবং অতিরিক্ত:</p> <ul style="list-style-type: none"> • ডায়াবেটিস পা রোগে অভিজ্ঞ পডিয়াট্রিস্ট দ্বারা এসেসমেন্ট (পরীক্ষা) সম্পন্ন করাতে হবে। • প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট বিশেষজ্ঞের নিকট রেফার করতে হবে। • বিশেষত যে রোগীরা 'রিমিশন' (উপশম) ক্যাটাগরিতে আছে, অর্থোটিস্ট/পডিয়াট্রিস্টের মাধ্যমে তাদের নিজের বা প্রেসক্রিপশন জুতার বা ইনসোলের পরীক্ষা করিয়ে নিতে হবে।
উচ্চ	<p>সংজ্ঞা</p> <p>একাধিক ঝুঁকির উপাদান বিদ্যমান; অর্থাৎ সংবেদনশীলতা হারিয়ে যায়, প্রান্তিক ধমনীয় রোগের উপসর্গ, কড়া বা পায়ের বিকৃতি ইত্যাদি। নিজেই নিজের যত্ন নিতে পারে না বা ইজিএফআর ≤ 15 হয় (\leq দীর্ঘকাল স্থায়ী কিডনী রোগের চিহ্ন)।</p>	<p>পদক্ষেপ</p> <p>নিচের বর্ণনা অনুযায়ী এবং অতিরিক্ত:</p> <ul style="list-style-type: none"> • পায়ের অতিরিক্ত এসেসমেন্ট সম্পন্ন করাতে হবে। প্রয়োজন হলে পডিয়াট্রিস্ট বা অন্য কোন স্বাস্থ্যসেবা পেশাজীবীর মাধ্যমে চিকিৎসার পরিকল্পনা বা রোগ ব্যবস্থাপনার পরিকল্পনা করিয়ে নিতে হবে। • রোগীর নিজের পরিধেয় জুতা পরীক্ষা করে নিতে হবে। • বিশেষ জুতা বা ইনসোল পরিধানের পরামর্শ দেওয়া হয়েছে কিনা তা বিবেচনা করে দেখুন। যদি তা দরকার হয়, তাহলে পা মাপিয়ে নিন এবং অর্থোটিস্ট/পডিয়াট্রিস্টের মাধ্যমে উক্ত জুতা ফিট করিয়ে নিন।
মাঝারি মাত্রার	<p>সংজ্ঞা</p> <p>ঝুঁকির একটি উপাদান বিদ্যমান। অর্থাৎ সংবেদনশীলতা হারিয়ে যায়, প্রান্তিক ধমনীয় রোগের লক্ষণ এবং নিজে নিজের যত্ন নিতে না পারা অথবা ≤ 15 হয় (\leq হচ্ছে দীর্ঘকাল স্থায়ী কিডনী রোগের চিহ্ন)।</p>	<p>পদক্ষেপ</p> <p>প্রশিক্ষিত স্বাস্থ্যসেবা কর্মীর মাধ্যমে বাৎসরিক ভিত্তিতে পা পরীক্ষা করিয়ে নিতে হবে। ব্যক্তিগতভাবে পায়ের যত্ন নেওয়া এবং নিজের যত্ন নিজে নেওয়া সংক্রান্ত পরিকল্পনা নিতে হবে। (যে ব্যক্তির পায়ের রোগ হওয়ার কম ঝুঁকি আছে, তার পক্ষে আলসার হওয়ার ঝুঁকি হলো ঐ ব্যক্তির মতো যার কোন ডায়াবেটিস নেই।) জুতা পরীক্ষা করুন। জরুরি বা অন্য কোন মুহুর্তে কীভাবে পডিয়াট্রি সেবা নেওয়া যাবে সে ব্যাপারে লিখিত এবং মৌখিকভাবে তথ্য দেওয়া হবে। হৃদরোগের ঝুঁকি কমানো সংক্রান্ত তথ্য দেওয়া হবে। সকল ধূমপায়ীদেরকে ধূমপান থেকে বিরত থাকার প্রোগ্রামে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হবে এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেওয়া হবে।</p>
নিম্ন মাত্রার	<p>সংজ্ঞা</p> <p>ঝুঁকির কোন উপাদান নেই। অর্থাৎ, সংবেদনশীলতা হারিয়ে যায় না, প্রান্তিক ধমনীয় রোগের কোন লক্ষণ নেই এবং অন্য কোন ঝুঁকির উপাদান নেই।</p>	